# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 22 June, 2025

নারায়ণগঞ্জ-৪ আসনের সাবেক সংসদ সদস্য শামীম ওসমান ও তার পরিবারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের অনুসন্ধান চলমান থাকায় পূর্বাচল ও উত্তরায় তার নামে থাকা দুইটি প্লট জব্দের আদেশ দিয়েছে আদালত।একইসঙ্গে তার পরিবার-পরিজনের নামে থাকা ২৯টি ব্যাংক হিসাবের মোট ১২ কোটি ৮৭ লাখ ৭৪ হাজার ৫২০ টাকা অবরুদ্ধ করা হয়েছে।

রোববার (২৩ জুন) ঢাকার মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন (গালিব) দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের প্রেক্ষিতে এই আদেশ দেন।দুদকের পক্ষে আবেদন করেন উপপরিচালক রেজাউল করিম।

দুদকের জনসংযোগ কর্মকর্তা তানজির আহমেদ গণমাধ্যমকে জানান, সাবেক এমপি শামীম ওসমান, তার স্ত্রী সালমা ওসমান, ছেলে ইমতিনান ওসমান, মেয়ে লাবিবা জোহা অঙ্গনা, পুত্রবধূ ইরফানা আহমেদ রাশমী এবং তাদের স্বার্থ সংশ্লিষ্ট কয়েকটি ব্যাংক হিসাব চিহ্নিত করা হয়েছে।

আদালতে জমা দেওয়া দুদকের আবেদনে উল্লেখ করা হয়, অভিযুক্তরা পলাতক থেকে ব্যাংক হিসাবের অর্থ সরিয়ে ফেলার এবং স্থাবর সম্পদ বিক্রয়ের পরিকল্পনা করছেন।এমন পরিস্থিতিতে সুষ্ঠু অনুসন্ধান ব্যাহত হওয়ার আশঙ্কা তৈরি হওয়ায় আদালতের এই হস্তক্ষেপ জরুরি হয়ে পড়ে।

আবেদনে আরও বলা হয়, এ ধরনের কর্মকাণ্ড মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর ধারা ১৪ এবং দুদক বিধিমালা, ২০০৭ (সংশোধিত ২০১৯) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।তাই সম্পদ জব্দ এবং ব্যাংক হিসাব অবরুদ্ধ করা হয়।

দুদক সূত্র জানায়, শামীম ওসমানের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জন ও মানি লন্ডারিংয়ের অভিযোগে অনুসন্ধান চলছে।এরইমধ্যে তার এবং পরিবারের বিভিন্ন ব্যাংক অ্যাকাউন্ট, সম্পত্তির তথ্য সংগ্রহ করেছে দুর্নীতি দমন কমিশন।

শামীম ওসমান দুদক সংসদ সদস্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 14:21

URL: https://www.timestodaybd.com/public/politics/3545775807